

বাংলাদেশ জাতীয় জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী
উদযাপন উপলক্ষ্যে সেমিনার আয়োজন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে **মুজিব ভাবনা** শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক **জনাব মো. শওকত আলী**। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইতিহাস ও ধুপদী শিল্পকলা বিভাগের কীপার **জনাব নুরে নাসরীন**, সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের কীপার **ড. বিজয় কৃষ্ণ বণিক** এবং জনশিক্ষা বিভাগের কীপার **ড. শিহাব শাহরিয়ার**। অনুষ্ঠান সঞ্জলনায় ছিলেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংরক্ষণ রসায়নবিদ **জনাব দিবাকর সিকদার**।

মূল প্রবন্ধকার **জনাব মো. শওকত আলী** বঙ্গবন্ধুর রচিত তিনটি বইয়ের আলোকে তার মুজিব ভাবনা শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। শেখ পরিবারের আদরের 'খোকা' ছিলেন তিনি। সেই খোকা থেকেই তিনি হয়ে উঠেন জাতির পিতা। তিনি তার প্রবন্ধে বঙ্গবন্ধুর চিন্তা চেতনাকে বিভিন্ন ভাবে তুলে ধরেছেন। ছোট বেলা থেকেই তাঁর কতগুলো চারিত্রিক গুণাবলী ছিল। মানুষকে ভালবাসতেন, মানুষকে সাহায্য করতেন। তিনি ছিলেন ভীষণভাবে অসাম্প্রদায়িক। একদিকে ছিল জনগন অন্যদিকে ছিল পরিবার।

উপস্থিত দর্শকদের মধ্য থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে অনুভূতি বক্তৃতা করেন ইতিহাস ও ধুপদী শিল্পকলা বিভাগের উপ-কীপার **জনাব এ. কে. এম. সাইফুজ্জামান**, সংরক্ষণ রসায়ন বিভাগের কীপার (অতিরিক্ত দায়িত্ব) ও উর্ধ্বতন নিরাপত্তা অফিসার **জনাব মো. সুলতান মাহমুদ**, ইতিহাস ও ধুপদী শিল্পকলা বিভাগের সহকারী কীপার **জনাব তাহমিন্দুন নবী** এবং সহকারী রেজিস্ট্রেশন অফিসার **জনাব মো. লিয়াকত হোসেন**।